

দৈনিক সংবাদ

**প্রাথমিক শিক্ষার হাল**

## বাগেরহাটে ছাত্রছাত্রী ভর্তি কম ॥ কমেছে উপস্থিতিও

।। মোঃ মুজিবুর রহমান ।।

বাগেরহাট, ২৩শে জুলাই- চলতি শিক্ষাবর্ষে বাগেরহাট জেলায় প্রাথমিক বিদ্যালয়গুলোতে ছাত্রছাত্রীদের ভর্তির সংখ্যা হ্রাস পেয়েছে। একই সাথে ছাত্রছাত্রীদের উপস্থিতির হারও হ্রাস পেয়েছে। জেলার ৯টি থানায় গত বছর থেকে এ বছর সরকারি হিসেবে শতকরা ৪ জন কম ভর্তি হয়েছে। ১৯৯৫ সালে জেলার সরকারি হিসেবে শতকরা ৯৩ জন ভর্তি হলেও এবছর তা কমে গিয়ে প্রতিবেশে শতকরা ৮৯ জন। অন্যসিকে এ বছর ছাত্রছাত্রীর হাজির সংখ্যাও অনেক কমে গেছে।

বাগেরহাট জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্রছাত্রীদের মধ্যে পুরাতন বই সরবরাহ করায় অনেক ছাত্রছাত্রীর স্কুলে হাজিরা কমে গেছে বলে অনেকের ধারণা। পুরাতন সরবরাহকৃত বইতে কাটাকাটি পৃষ্ঠা ছেঁড়াসহ অনেক ত্রুটি থাকায় শুরুতেই ছাত্রছাত্রী এবং অভিভাবক মহলের পক্ষ থেকে আপত্তি এসেছে।

এসব অব্যবস্থাজনিত কারণেই এবছর জেলায় প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্রছাত্রী ভর্তি এবং উপস্থিতি হ্রাস পেয়েছে। জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় জেলা শিক্ষা অফিসার এ বিষয়ে আলোচনা করেছেন। ওই সভায় আগামীতে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মাঝে নতুন বই প্রদানের জন্য প্রাথমিক শিক্ষা বিভাগের মহাপরিচালককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে।

অনেক পরিবারের ছেলেময়ের স্কুলে যাবার ব্যয় হলেও আর্থিক অনটনের জন্য পরিবারের সদস্যদের সঙ্গে কাজ করছে। ফলে জীবিকার তাগিদে এসব শিশুদের স্কুল ছাড়তে হয়েছে, কিংবা স্কুলে যাওয়া সম্ভব হচ্ছে না।